

যঈফ ও জাল হাদিস

হাদিস নম্বরঃ ১৩২৩

১/ বিবিধ

আরবী

يعظم أهل النار في النار، حتى إن بين شحمة أذن أحدهم إلى عاتقه مسيرة سبعمائة عام، وإن غلظ جلده سبعون ذراعا، وإن ضرسه مثل أحد ضعيف

أخرجه أحمد (2/26) : حدثنا وكيع: حدثني أبو يحيى الطويل عن أبي يحيى الققات عن مجاهد عن ابن عمر عن النبي صلى الله عليه وسلم قلت: وهذا سند ضعيف، أبو يحيى الققات، مشهور بكنيته، وقد اختلف في اسمه، وهو لين الحديث. ومثله أبو يحيى الطويل واسمه عمران بن زيد التغلبي لين أيضا، كما في "التقريب". ومع هذا الضعف صححه الغماري، فأورده في كنزه ويعارض هذا الحديث ما عند مسلم في "صحيحه" (8/154) عن أبي هريرة قال: قال رسول الله صلى الله عليه وسلم: "ضرس الكافر أوناب الكافر مثل أحد، وغلظ جلده مسيرة ثلاث ويعارضه أيضا حديث: إن بين شحمة أذن أحدهم وبين عاتقه مسيرة سبعين خريفا أخرجه أحمد بإسناد صحيح كما بينته في الكتاب الآخر (560)

বাংলা

১৩২৩। জাহান্নামের মধ্যে জাহান্নামীদেরকে এতই বড় করা হবে যে, তাদের একজনের কানের লতি (নিম্নভাগ) থেকে তার কাঁধের দূরত্ব হবে সাতশত বছরের চলার পথের সমান। আর তার চামড়ার পুরুত্ব হবে সত্তর গজ বিশিষ্ট আর তার মাড়ির দাঁত হবে উছদ পাহাড়ের মত।

হাদীসটি দুর্বল।

হাদীসটি ইমাম আহমাদ (৪৭৮৫) ওয়াকী হতে, তিনি আবু ইয়াহইয়া আতত্বীল হতে, তিনি আবু ইয়াহইয়া আল-কাত্তান হতে, তিনি মুজাহিদ হতে, তিনি ইবনু উমার (রাঃ) হতে, তিনি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হতে বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ এ সনদটি দুর্বল। আবু ইয়াহইয়া আল-কাত্তান তার কুনিয়াত দ্বারাই প্রসিদ্ধ। তার নামের ব্যাপারে মতভেদ করা হয়েছে। তিনি হাদীসের ক্ষেত্রে দুর্বল। আর আবু ইয়াহইয়া আতত্বীলও তার মতই দুর্বল, এর নাম ইমরান ইবনু যায়েদ তাগলুবী, যেমন “আত-তাকরীব” গ্রন্থে এসেছে।

এ দুর্বলতা সত্ত্বেও গুমারী হাদীসটিকে সহীহ আখ্যা দিয়ে তার “আল-কানুয” গ্রন্থে উল্লেখ করেছেন।

এ হাদীসটি মুসলিম শরীফে বর্ণিত সহীহ হাদীসের সাথে সাংঘর্ষিক। আবু হুরাইরাহ (রাঃ) হতে বর্ণিত হয়েছে তিনি বলেনঃ রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ “কাফের ব্যক্তির মাড়ির দাঁত অথবা কাফেরের দাঁত হবে উহুদ পাহাড়ের মত। আর তার চামড়ার পুরুত্ব হবে তিনদিনের চলার পথের সমান।” (মুসলিম (২৮৫১)।

আলোচ্য হাদীসটি নিম্নোক্ত সহীহ হাদীসের সাথেও সাংঘর্ষিকঃ “তাদের একজনের (একেকজনের) কানের লতি (নিম্নভাগ) আর তার কাঁধের মাঝের দূরত্ব হবে সত্তর বছরের পথের সমান ...।” এ হাদীসটি ইমাম আহমাদ (২৪৩৩৫) সহীহ সনদে বর্ণনা করেছেন।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=72202>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন